



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ভূমি ও রাজস্ব পরিদপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd



স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০০.২০৩.১৬.০০০১.২৩.১৬৯

তারিখ: ২০ আশ্বিন ১৪৩৩
০৫ অক্টোবর ২০২৬

বিষয়: বাপাউবো'র অধিগ্রহণকৃত জমির গেজেট প্রকাশ না হওয়ার কারণ সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ের দপ্তর হতে প্রাপ্ত হালনাগাদ তথ্য অনুযায়ী বাপাউবো'র বিভিন্ন প্রকল্পের আওতায় মোট ২৫৭৪৫টি এল.এ কেসের মাধ্যমে অধিগ্রহণকৃত মোট ২১৬১০০.০৪ একর জমির মধ্যে ১০৩২২টি এল.এ কেসের মাধ্যমে ৬৭২০৯.৩৪ একর জমির গেজেট প্রকাশিত হয়েছে মর্মে জানা যায়। অর্থাৎ অধিগ্রহণকৃত মোট জমির মধ্যে ৬৯% (প্রায়) জমির গেজেট এখনো প্রকাশিত হয়নি।

০২। অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন হওয়ার পরও সংশ্লিষ্ট জমির গেজেট প্রকাশ না হওয়ার ফলে ভূমির রেকর্ড, নামজারি, দখল-স্বত্ব সংক্রান্ত বিষয়াদি এবং পরবর্তী ব্যবস্থাপনায় জটিলতা সৃষ্টি হচ্ছে।

০৩। এমতাবস্থায়, আপনার দপ্তরের আওতাধীন অধিগ্রহণকৃত কিন্তু এখনও গেজেট প্রকাশ হয়নি; এমন জমির ক্ষেত্রে গেজেট প্রকাশ না হওয়ার কারণ উল্লেখপূর্বক নিম্নোক্ত ছক পূরণকরতঃ আগামী ১২/১০/২০২৬ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অত্র দপ্তরের ইমেইলে (landrev@yahoo.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অধিগ্রহণকৃত জমির গেজেট সংক্রান্ত তথ্য

মোট এল.এ কেস সংখ্যা	মোট অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর)	গেজেট প্রকাশিত এল.এ কেস সংখ্যা	গেজেট প্রকাশিত জমির পরিমাণ (একর)	গেজেটবিহীন এল.এ কেস সংখ্যা	গেজেটবিহীন জমির পরিমাণ (একর)	গেজেট প্রকাশের জন্য প্রক্রিয়াধীন/ প্রস্তাবিত জমির পরিমাণ (একর)	গেজেট প্রকাশিত না হওয়ার কারণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
							(১) (২) (৩)

০৪। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে পত্রটি প্রেরণ করা হলো।

০৫-১০-২০২৬

মোঃ আতিকুর রহমান

পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)

ফোন : ০২২২২২৩০০৫৬

ইমেইল : dir.land@bwdb.gov.bd

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী / অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), বাপাউবো।
- ২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), বাপাউবো।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৫। সিনিয়র সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব) / সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব) (সকল), বাপাউবো।
- ৬। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), বাপাউবো।
- ৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ১০। অফিস কপি।



০৫-১০-২০২৬
মোঃ জহিরুল ইসলাম
উপ-পরিচালক